

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত
অংশগ্রহণের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব রফিকুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
স্থান : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
তারিখ : ১০/০৮/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক তে দেখানো হলো)

অদ্য ১০/০৮/২০২৩ খ্রি. তারিখে জনাব রফিকুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব আবু সাদাত নোঃ সায়েদ শাহরিয়ার, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---------|--|--|
| ১. | সুশাসন প্রতিষ্ঠায় “একতাবদ্ধতা” একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। দপ্তর সংশ্লিষ্ট সকল জনবলকে একতাবদ্ধ হয়ে অর্থাৎ একটি টিমে কাজ করার মানসিকতা গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাহলে প্রত্যেক কাজে সফলতা অর্জন সম্ভব হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন |
| ২. | সুশাসন প্রতিষ্ঠায় ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা” অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়ামক। দপ্তরের সকল কাজ কর্মে এ দুটি বিষয় নিশ্চিত করা গেলে প্রতিষ্ঠানের সুবিধাভোগীদের নিকট আস্থার একটি বড় জায়গা তৈরী হবে। ফলে প্রতিষ্ঠানের ভাবমূর্তি বৃদ্ধিসহ সুনাম অর্জন করতে সক্ষম হবে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন |
| ৩. | সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রাপ্তির অধিকার’ অপর একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। তথ্য প্রাপ্তি প্রত্যেক নাগরিকের অধিকার। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ প্রণীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন |
| ৪. | সুশাসন প্রতিষ্ঠায় ‘দূর্নীতি’ একটি বড় অন্তরায়। দাপ্তরিক সকল কাজে সকলকে সততা ও ন্যায়পরায়নতার সাথে সম্পন্ন করার জন্য উদ্বুদ্ধ করতে হবে এবং ইন-হাউজ ট্রেনিং-এ “ইথিক্স এন্ড মোরালিটি” বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রফিকুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
জয়পুরহাট সদর, জয়পুরহাট।